



সেন্ট্রাল টেকনিক্যাল এডুকেশন বাংলাদেশ

সুভাষ বোস এভিনিউ, সূত্রাপুর, ঢাকা-১১০০

www.centraltechedu.org

স্মারক নং : ৫৭.১৭.০০০.১৩.৮১

তারিখ : ২০ এপ্রিল, ২০২৬

প্রশিক্ষণ বিজ্ঞপ্তি: মোবাইল ফোন সার্ভিসিং (বেসিক টু অ্যাডভান্সড)

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সেন্ট্রাল টেকনিক্যাল এডুকেশন বাংলাদেশ এর আয়োজিত জনকল্যাণমুখী কার্যক্রমের অংশ হিসেবে ২০২৬-২০২৭ অর্থবছরে দক্ষ জনশক্তি তৈরির লক্ষ্যে একটি কারিগরি প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা হয়েছে। আগ্রহী প্রার্থীদের নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

১. কোর্সের সংক্ষিপ্ত বিবরণ :

কোর্সের নাম: Training on Mobile Phone Servicing – Basic to Advanced.

মোট ব্যাচ সংখ্যা: ০৩টি (প্রতি ব্যাচে ২০ জন প্রশিক্ষণার্থী)।

প্রশিক্ষণের ব্যাপ্তি: ১২০ ঘণ্টা (দৈনিক ০৪ ঘণ্টা করে)।

২. প্রশিক্ষণের মূল উদ্দেশ্য ও বৈশিষ্ট্য:

স্মার্টফোন ও ফিচার ফোনের হার্ডওয়্যার এবং সফটওয়্যার সংক্রান্ত সমস্যার সমাধান।

আধুনিক যন্ত্রপাতির মাধ্যমে প্রাকটিক্যাল হ্যান্ডস-অন ট্রেনিং।

বেকার যুবক ও যুবতীদের আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি।

প্রশিক্ষণ শেষে সরকারি সার্টিফিকেট প্রদান।

৩. ভর্তির শর্তাবলী:

প্রতিটি ব্যাচে মেধার ভিত্তিতে ২০ জন প্রশিক্ষণার্থী ভর্তি করা হবে।

প্রার্থীর সংখ্যা অধিক হলে লিখিত বা মৌখিক পরীক্ষার মাধ্যমে নির্বাচন করা হবে।

ক্লাসে ১০০% উপস্থিতি বাধ্যতামূলক।

৪. আবেদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্র:

আগ্রহী প্রার্থীদের সরাসরি অফিসে এসে রেজিস্ট্রেশন ফরম পূরণ করতে হবে এবং সাথে নিম্নোক্ত নথিপত্র জমা দিতে হবে:

সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার (ন্যূনতম ৮ম শ্রেণী পাস) সনদপত্রের ফটোকপি (১ সেট)।

সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি ল্যাব প্রিন্ট ছবি।

জাতীয় পরিচয়পত্রের (NID) ফটোকপি (অথবা জন্ম নিবন্ধনের ফটোকপি)।

(মোঃ আমিনুল ইসলাম)

চেয়ারম্যান

ই-মেইল: info@centraltechedu.org